

■ কিয়ামতের আলামত

বিভাগ/অধ্যায়ঃ কিয়ামত সম্পর্কিত বিষয়াবলী রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল্লাহ্ শাহেদ আল-মাদানী

কিয়ামতের সকল আলামতই কি অকল্যাণকর?

কোন বিষয় কিয়ামতের আলামত হওয়ার অর্থ এই নয় যে, তা উম্মাতের জন্য অকল্যাণ বয়ে আনবে; বরং কিয়ামতের আলামত বিভিন্ন ধরণের হবে। কোনটি হবে নিষিদ্ধ ও অপছন্দনীয়। শুধু তাই নয়; কিছু কিছু আলামত উম্মাতে মুহাম্মাদীর জন্য ব্যাপক অকল্যাণ নিয়ে আসবে। যেমন ভন্ত নবীদের আত্মপ্রকাশ, দাজ্জালের আগমণ, ইয়াজুয-মাজুযের বহিঃপ্রকাশ ইত্যাদি আরো অনেক এমন আলামত রয়েছে যা কিয়ামত নিকটবর্তী হওয়ার প্রমাণ বহন করার সাথে সাথে মুসলিম জাতির জন্যে খুবই ক্ষতিকর হবে।

অপর পক্ষে কিয়ামতের আরো অনেক আলামত আছে যাতে আমাদের জন্য প্রচুর কল্যাণ রয়েছে। যেমন আমাদের জন্যে হেদায়াত, তাওহীদ ও কল্যাণের বাণী নিয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আগমণ, কিয়ামতের পূর্বে ইমাম মাহদীর আত্মপ্রকাশ, ঈসা ইবনে মারইয়ামের আগমণ ইত্যাদি আলামত প্রকাশের ভিতরে মুসলিম জাতির জন্যে অসংখ্য নেয়ামত রয়েছে। এ সমস্ত আলামত শুধু কিয়ামত নিকটবর্তী হওয়ার প্রমাণ বহন করবে; অন্য কিছু নয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3068

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন